০২

দৈনিক সংবাদ

তারিখ 13 NOV 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

121

# উত্তরাঞ্চলে ৯ লাখ বালক-বালিকা প্রাথমিক বিদ্যালয়ে যায় না

।। মোঃ হাসিবুর রহমান বিলু ।।

বগুড়া, ১২ই নভেম্বর।– ত্রুটিপূর্ণ উদ্বুদ্ধকরণ কার্যক্রম, পারিবারিক অসচ্ছলতা ও পরিবার প্রধানরা বালক-বালিকাদের দিয়ে আয়ের ব্যাপারে উৎসাহী হওয়ায় উত্তরাঞ্চলে ৬ থেকে ১০ বছর বয়সী প্রায় ৯ লাখ বালক–বালিকা প্রাথমিক বিদ্যালয়ে যায় না।

সরকারী সূত্রে জানা গেছে, উত্তরাঞ্চলের ১৬টি জেলার ১শ' ২৪টি থানা এলাকায় প্রাথমিক বিদ্যালয়ে যাবার যোগ্য ৬ থেকে ১০ বছর বয়সী বালক–বালিকা আছে ৪২ লাখ ৩০ হাজার ৯শ' ৪ জন। এর মধ্যে এ অঞ্চলের ১ হাজার ১১টি ইউনিয়ন এবং ১৬টি জেলা সদরের ১২ হাজার ১শ' ৩৪টি সরকারী–বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে বালক–বালিকা ভর্তি হয়েছে ৩৩ লাখ ৩৭ হাজার ৩শ' ৪৭ জন। সুযোগ থাকার পরেও বিদ্যালয়ে উল্লিখিত কারণগুলোর জন্য যায় না ৮ লাখ ৯৩ হাজার ৫শ' ৫৭ জন বালক–বালিকা।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের একটি সূত্র জানায়, রাজশাহীতে বিদ্যাল
যোগ্য ৬ থেকে ১০ বছর বয়
বালিকা আছে ৩ লাখ ২ হাজা
জন; এর মধ্যে বিদ্যালয়ে যা
হাজার ২শ' ১৪ জন। নাটোর
বয়সের বিদ্যালয়ে যাবার যোগ্য
বালিকা আছে ২ লাখ ১৫ হাজার
জন; এর মধ্যে. বিদ্যালয়ে যায়
হাজার ৭শ' ৪৩ জন। চাঁপাইন
জেলায় এরকম বালক–বালিকা ৩

র বাস
স্থার স
চবিনি
হিংসত
রেন।

লাখ ৬৬ হাজার ৮শ' ৭৬ জন; এর মধ্যে বিদ্যালয়ে যায় না ২৮ হাজার ৪শ' ৪০ জন। নওগাঁতে বিদ্যালয়ে যাবার মতো ৬ থেকে ১০ বছর বয়সের বালিকা আছে ৩ লাখ ১৬ হাজার ৯শ' ৯২ জন; এর মধ্যে বিদ্যালয়ে যায় না ৬৭ হাজার ৬শ' ২৯ জন। পাবনা জেলায় প্রাথমিক বিদ্যালয়ে যাবার মতো বালক–বালিকা আছে ৩ লাখ ৩১ হাজার ৭শ' ৪৫ জন; এর মধ্যে ঐ সব কারণে বিদ্যালয়ে যায় না ৫৮ হাজার ৭শ' ২৪ জন। সিরাজগঞ্জ জেলায় ৬ থেকে ১০ বছর বয়সী বিদ্যালয়ে যাবার মতো বালক–বালিকা আছে ৪ লাখ ১৮ হাজার ৪শ' ২১ জন; এর মধ্যে নানা কারণে বিদ্যালয়ে যায় না ৮৪ হাজার ৮শ' ৭৫ জন। বগুড়াতে প্রাথমিক বিদ্যালয়ে যাবার মতো বালক–বালিকা আছে ৩ লাখ ৯১ হাজার ১শ' ৬২ জন যাদের বয়স ৬ থেকে ১০ বছর; এদের মধ্যে সুযোগ থাকার পরেও বিদ্যালয়ে যায় না ৭৪ হাজার ২শ' ১ জন। জয়পুরহাট জেলায় আছে বিদ্যালয়ে যাবার মতো বালক–বালিকা ১ লাখ ৬ হাজার ৫শ' ৮৩ জন; এর মধ্যে বিদ্যালয়ে যায় না ১৬ হাজার ৫শ' ৮৬ জন। রংপুর জেলায় প্রাথমিক বিদ্যালয়ে যাবার মতো বালক–বালিকা আছে ৩ লাখ ৫১ হাজার ১শ' ৮৪ জন। এর মধ্যে বিদ্যালয়ে যায় না ৯৯ হাজার ২শ' ৯৪ জন। গাইবান্ধায় বিদ্যালয়ে যাবার মতো ৬ থেকে ১০ বছর বয়সের বালক–বালিকা আছে ৩ লাখ ২৯ হাজার ১শ' ৬০ জন' এর মধ্যে বিদ্যালয়ে যায় না ৮৯ হাজার ৮শ' ৯২ জন। কুড়িগ্রাম জেলায় এ রকম বালিক–বালিকা আছে ২ লাখ ৫৯ হাজার ৫শ' ৫০ জন; এর মধ্যে বিদ্যালয়ে যায় না ৭০ হাজার ৯শ ' ১০ জন। নীলফামারী জেলায় এ রকম বালক–বালিকা আছে ২ লাখ ৯ হাজার ৯শ' ৬৯ জন; এর মধ্যে বিদ্যালয়ে যায় না ৪৬ হাজার ৭শ' ৮৫ জন। লালমনিরহাট জেলায় সুযোগ থাকার পরেও বিদ্যালয়ে যাবার যোগ্য ১ লাখ ৬৫ হাজার ৭শ' ৬০ জন বালক–বালিকার মধ্যে বিদ্যালয়ে যায় না ৪২ হাজার ২৩ জন। দিনাজপুর জেলায় ৬ থেকে ১০ বছর বয়সের প্রাথমিক বিদ্যালয়ে যারার মতো বালক–বালিকা আছে ৩ লাখ ৭১ হাজার ৪শ' ৩১ জন, ঠাকুরগাঁ জেলাতে ১ লাখ ৬৯ হাজার ২শ' ৭২ জন ও পঞ্চগড় জেলায় আছে ১ লাখ ২৪ হাজার ১শ' ৭২ জন। সুযোগ থাকার পরেও এসব জেলায় বিদ্যালয়ে যায় না যথাক্রমে ৬৫ হাজার ৭শ' ৯৩ জন, ৩০ হাজার ৯শ' ৭ জন এবং ২৬ হাজার ৫ শ' ৩২ জন বালক–বালিকা।